

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্‌বাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৩/২০১৩

তারিখঃ ০১/০৪/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

১৮ চৈত্র, ১৪১৯ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস আদেশ, স্মারক নং-৩(২)বোঃ প্রঃ-২/সঃ/২০০৭/(অংশ-১)/২০৫ তারিখ-২৭/০৩/২০১৩খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-২ শাখা)

নথি নং-৩(২)বোঃ প্রঃ-২/সঃ/২০০৭/(অংশ-১)/২০৫

তারিখ-২৭-০৩-২০১৩খ্রিঃ

অফিস আদেশ

২০১২-২০১৩ অর্থ বছরের নয় মাস অতিক্রান্ত হতে চলেছে। অবশিষ্ট ০৩ (তিন) মাস অর্থাৎ এপ্রিল-জুন ২০১৩ সময়কালে দেশের আয়কর ব্যবস্থাপনা, স্থানীয় পণ্য উৎপাদন / সেবা / সরবরাহ এবং আমদানী রপ্তানী বাণিজ্য নির্বিঘ্ন রাখার স্বার্থে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড পর্যায়ের দিকনির্দেশনা/সিদ্ধান্ত প্রদান কার্যক্রমকে সার্বিকভাবে সক্রিয় রাখার বৃহত্তর বিবেচনায় জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ আয়কর, শুল্ক ও মূল্য সংযোজন কর (মূসক) দপ্তর সমূহ নিম্নবর্ণিত বিন্যাস অনুযায়ী সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার ও শনিবার) পুনঃআদেশ না দেওয়া পর্যন্ত খোলা থাকবে:-

	সংশ্লিষ্ট দপ্তর	যেদিন খোলা থাকবে	মন্তব্য
ক)	জাতীয় রাজস্ব বোর্ড	শুক্রবার ও শনিবার	
খ)	জাতীয় রাজস্ব বোর্ড এর আওতাধীন কাস্টম হাউজ সমূহ।	প্রতি শনিবার সকল ধরনের আমদানি ও রপ্তানি কার্যক্রম।	প্রতি শুক্রবার কেবলমাত্র রপ্তানি কার্যক্রম চালু থাকবে।
গ)	কাস্টম হাউজ সমূহ ব্যতিরেকে জাতীয় রাজস্ব বোর্ড এর আওতাধীন সকল মূল্য সংযোজন কর (মূসক) কমিশনারেট/সকল অধিদপ্তর/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/শুল্ক আবগারী ও ভ্যাট আপীল কমিশনারেট/বন্দ কমিশনারেট/কাস্টমস্ ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।	প্রতি শনিবার	রাজস্ব আদায়/সেবা প্রদানের প্রয়োজনে শুক্রবার অফিস খোলা রাখার ব্যাপারে সংশ্লিষ্ট কমিশনারগণ সিদ্ধান্ত দিবেন।
ঘ)	জাতীয় রাজস্ব বোর্ড এর আওতাধীন সকল আয়কর কমিশনার এর দপ্তর (আওতাধীন সার্কেল/মাঠ পর্যায়ের দপ্তরসহ) সকল অধিদপ্তর, আপীল দপ্তর, কর পরিদর্শন পরিদপ্তর, প্রশিক্ষণ একাডেমী	প্রতি শনিবার	রাজস্ব আদায় সেবা প্রদানের প্রয়োজনে শুক্রবার অফিস খোলা রাখার ব্যাপারে সংশ্লিষ্ট কমিশনারগণ সিদ্ধান্ত দিবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে ও পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সালাহ উদ্দিন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
ফোনঃ ৮৩১৮১২০-৬, এক্সঃ ৩৮০

পৃষ্ঠা নং- ৩৪